সম্পাদকের কলম,

শ্রী অভিজিৎ সাহা

আমি ভারতী মিলন সংঘের কার্যকরি সমিতির সদস্য হয়েছি সাথে সাথে সম্পাদক হয়েছি মাত্র দেড় বছর আগে। বিভিন্ন কাজের দিক থেকে বিশেষ করে খেলাধূলা – উত্তর দমদমের সব চাইতে প্রাচীন ক্লাবগুলির অন্যতম এই সংগঠনের সাধারণ সম্পাদক ভাবতে নিজেকে গর্ববোধ করি।

বিরাটী ষ্টেশন থেকে বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে পেরিয়ে সুকুর আলি মোড় ও যশোর রোড – এই বিরাট অঞ্চলের সামাজিক পরিমন্ডলে ভারতী মিলন সংঘ এক বিশেষ নাম। তার কতকগুলো কারণ আছে। এই সংগঠনের একটা বিশেষ সুনাম আছে এই বিশাল অঞ্চলে। এতদ্অঞ্চলের প্রায় সব মানুষ আমাদের মাঠে খেলে শিশু থেকে কিশোর, কিশোর থেকে যুবক এবং যুবক থেকে জীবনের আঙিনায় হারিয়ে গেছেন। এটা গত ৬০ বছর ধরে হয়ে এসেছে। আমি সৌভাগ্যবান আমার সময়ে এই মাঠের সব চাইতে বেশি উন্নতির কাজ হয়েছে এবং হচ্ছে।

যে কথা বলছিলাম, আমাদের ক্লাবের সুনামের কথা। আমাদের ক্লাব কোনোদিন দুর্গাপূজা, কালীপূজা করেনি বরং ঐ উৎসবের মূহুর্তে দরিদ্রদের বস্ত্র বিতরণ করেছে,পাশে থেকেছে। সরস্বতী পূজার সময়, যখন মানুষ বই কিনতে পারত না, আমাদের ক্লাব বই বিতরণ করত। এখন এগুলির গুরুত্ব কমেছে কিন্তু এগুলি আমাদের ট্র্যাডিশন। অঞ্চলে জমি ক্রয়-বিক্রয় হলে অনেক ক্লাব আছে যারা টাকা নেয়,আমরা এসবের মধ্যে কোনোদিন যাইনি। বরং যে কোনো সময়ে যে কোনো মানুষ,মহিলা নিজেদের অসহায় মনে করলে আমাদের সাহায্য চান। আমরা সাধ্যমতন পাশে দাঁড়াই। অঞ্চলের সামাজিক পরিবেশ সুস্থ্য এবং সুন্দর রাখার জন্য আমরা সততার সাথে চেষ্টা করি, এটাই আমাদের ধারাবাহিক সুনাম।

তাই,এতবড় ক্লাবের যে ওয়েবসাইট আমরা তৈরী করতে যাচ্ছি তাতে আমাদের সংগঠনের বিভিন্ন দিক আমরা যতটা সম্ভব তুলে ধরব। ভুলভ্রান্তি আমাদের ধরিয়ে দিলে আমরা খুশি হব এবং সংশোধন করে নেব। আপনাদের সহযোগিতা চাইছি।